কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সম্প্রসারণ-১ শাখা
www.moa.gov.bd

নং-১২.০৫২.০৩২.০০.০০.০০২.২০১০- ৯৩৪

তারিখ ঃ ০২ জুলাই ২০১৫।

প্রজ্ঞাপন

মন্ত্রিপরিষদ বিভাগের ১১ জুন ২০১৫ তারিখের ০৪.০০.০০০০.৫১২.৮২.০১২.১৪-২৪১ সংখ্যক পত্রের নির্দেশনার পরিপ্রেক্ষিতে সিলেট বিভাগের অনাবাদি জমিগুলোতে আবাদের কার্যক্রম গ্রহন, বাস্তবায়ন ও তদারকির নিমিত্ত বিভাগ পর্যায়ে সিলেট বিভাগীয় কৃষি উন্নয়ন বিষয়ক কোর কমিটি, জেলা পর্যায়ে জেলা কৃষি উন্নয়ন বিষয়ক কোর কমিটি এবং কার্যক্রম বাস্তবায়নের জন্য উপজেলা কৃষি উন্নয়ন বিষয়ক কোর কমিটি নিম্নোক্তভাবে গঠন করা হলো ঃ

(ক) সিলেট বিভাগীয় কৃষি উন্নয়ন বিষয়ক কোর কমিটি

(১)	বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট	-	সভাপতি
(২)	প্রধান প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড	-	সদস্য
(৩)	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি	-	সদস্য
(৪)	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিএডিসি (সেচ)	-	সদস্য
(৫)	যুগ্ম-পরিচালক, বিএডিসি (বীজ)	-	সদস্য
(৬)	যুগ্ম-পরিচালক, বিএডিসি (সার)	-	সদস্য
(৭)	সিলেট বিভাগের সকল জেলা প্রশাসক	-	সদস্য
(৮)	বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত ১ জন কৃষিবিদ	-	সদস্য
(৯)	অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	-	সদস্য সচিব

কার্যপরিধিঃ

- বিভাগীয় পর্যায়ের সকল অনাবাদি জমির তথ্য সংগ্রহ করে একটি ডাটাবেজ গড়ে তোলা।
- বিভাগের সকল অনাবাদি জমি আবাদের আওতায় আনার লক্ষে স্থানীয় বৈশিষ্ট্য বিবেচনা করে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহন ও বাস্তবায়নের ব্যবস্থা গ্রহন ।
- প্রতিটি জেলার অনাবাদি জমি কৃষির আওতায় আনা সংক্রান্ত সকল কার্যক্রমের অগ্রগতি মূল্যায়ন এবং জেলা ও উপজেলা পর্যায়ের কোর কমিটিকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান।
- বাস্তবায়ন পরিস্থিতি পর্যালোচনা ও তদারক।
- অনাবাদি জমি আবাদে প্রয়োজনীয় নীতি নির্ধারণে সরকারের নিকট সুপারিশ প্রেরণ।
- সিলেট বিভাগের কৃষি সংশ্লিষ্ট বিভিন্ন অধিদপ্তর/কর্তৃপক্ষ/বোর্ডের বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্পের সমন্বয় সাধন।
- কৃষি উন্নয়ন বিষয়ক বিভিন্ন সেমিনার, কর্মশালা, সিম্পোজিয়াম ও প্রশিক্ষণের আয়োজন ।
- চাহিদা মত রিপোর্ট রিটার্ণ সরকারের নিকট প্রেরণ।
- প্রতি দুই মাসে কমপক্ষে একবার বৈঠকে মিলিত হওয়া।
- প্রয়োজন বিবেচনা করে কমিটি যে কোন ব্যক্তিকে সভায় অংশগ্রহনের জন্য আমন্ত্রণ জানাতে পারবে।

(খ) জেলা কৃষি উন্নয়ন বিষয়ক কোর কমিটি

(১)	জেলা প্রশাসক	-	সভাপতি
(২)	নির্বাহী প্রকৌশলী, এলজিইডি	-	সদস্য
(৩)	নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড	-	সদস্য
(৪)	নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ)	-	সদস্য
(৫)	উপ-পরিচালক/সহকারী পরিচালক, বিএডিসি (বীজ)	-	সদস্য
(৬)	জেলার সকল উপজেলা নির্বাহী অফিসার	-	সদস্য
(৭)	সহকারী পরিচালক (সার), বিএডিসি	-	সদস্য
(৮)	জেলা প্রশাসক কর্তৃক মনোনীত ১ জন কৃষিবিদ	-	সদস্য
(৯)	উপ পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	-	সদস্য সচিব

কার্যপরিধিঃ

- জেলা পর্যায়ে সকল অনাবাদি জমির তথ্য সংগ্রহ করে একটি ডাটাবেজ গড়ে তোলা।
- জেলার সকল অনাবাদি জমি আবদের আওতায় আনার লক্ষ্যে স্থানীয় বৈশিষ্ট্য বিবেচনা করে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহন ও বাস্তবায়নের ব্যবস্থা গ্রহন।
- প্রতিটি উপজেলার অনাবাদি জমি কৃষি আওতায় আনা সংক্রান্ত সকল কার্যক্রমের অগ্রগতি মূল্যায়ন এবং উপজেলা পর্যায়ের কোর কমিটিকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান ।
- বাস্তবায়ন পরিস্থিতি পর্যালোচনা ও তদারক।
- অনাবাদি জমি আবাদে প্রয়োজনীয় নীতি নির্ধারণে বিভাগীয় কোর কমিটির নিকট সুপারিশ প্রেরণ।
- জেলার কৃষি সংশ্লিষ্ট বিভিন্ন অধিদপ্তর/কর্তৃপক্ষ/বোর্ডের বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্পের সমন্বয় সাধন।
- কৃষি উন্নয়ন বিষয়ক বিভিন্ন সেমিনার, কর্মশালা, সিম্পোজিয়াম ও প্রশিক্ষণের আয়োজন।
- অনাবাদি জমি আবাদের জন্য জনগণকে উদ্বুদ্ধ করা।
- চাহিদা রিপোর্ট রিটার্ণ বিভাগীয় কোর কমিটি ও সরকারের নিকট প্রেরণ।
- প্রতি দুই মাসে কমপক্ষে একবার বৈঠকে মিলিত হওয়া।
- প্রয়োজন বিবেচনা করে কমিটি যে কোন ব্যক্তিকে সভায় অংশগ্রহনের জন্য আমন্ত্রণ জানাতে পারবে।

(গ) উপজেলা কৃষি উন্নয়ন বিষয়ক কোর কমিটি

(১)	উপজেলা নির্বাহী অফিসার	-	সভাপতি
(২)	উপজেলা প্রকৌশলী, এলজিইডি	-	সদস্য
(৩)	উপ-বিভাগীয় প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড	-	সদস্য
(৪)	উপ-সহকারী প্রকৌশলী (সেচ), বিএডিসি	-	সদস্য
(৫)	জেলার সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান	-	সদস্য
(৬-৮)	জেলা প্রশাসক কর্তৃক মনোনীত ৩ জন কৃষক	-	সদস্য
(৯)	উপজেলা কৃষি কর্মকর্তা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	-	সদস্য সচিব

কার্যপরিধিঃ

- উপজেলা পর্যায়ে সকল অনাবাদি জমির তথ্য সংগ্রহ করে একটি ডাটাবেজ গড়ে তোলা।
- উপজেলার সকল অনাবাদি জমি আবদের আওতায় আনার লক্ষে স্থানীয় বৈশিষ্ঠ বিবেচনা করে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহন ও বাস্তবায়নের ব্যবস্থা গ্রহন।
- বিভাগীয় ও জেলা কোর কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন।
- উপজেলার অনাবাদি জমি আবাদের আওতায় আনা সংক্রান্ত সকল কার্যক্রমের অগ্রগতি মূল্যায়ন ও ক্ষেত্র পর্যায়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান।

- বাস্তবায়ন পরিস্থিতি পর্যালোচনা ও তদারক।
- অনাবাদি জমি আবাদে প্রয়োজনীয় নীতি নির্ধারণে জেলা ও বিভাগীয় কোর কমিটির নিকট সুপারিশ প্রেরণ।
- জেলার কৃষি সংশ্লিষ্ট বিভিন্ন অধিদপ্তর/কর্তৃপক্ষ/বোর্ডের বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্পের সমন্বয় সাধন।
- কৃষি উন্নয়ন বিষয়ক বিভিন্ন সেমিনার, কর্মশালা, সিম্পোজিয়াম ও প্রশিক্ষণের আয়োজন।
- অনাবাদি জমি আবাদের জন্য জনগণকে উদ্বুদ্ধ করা।
- লক্ষ্য অর্জনে আইনের প্রয়োগ করা।
- চাহিদা মত রিপোর্ট রিটার্ণ জেলা, বিভাগীয় কোর কমিটি ও সরকারের নিকট প্রেরণ করা।
- প্রতি দুই মাসে কমপক্ষে একবার বৈঠকে মিলিত হওয়া।
- প্রয়োজন বিবেচনা করে কমিটি যে কোন ব্যক্তিকে সভায় অংশগ্রহনের জন্য আমন্ত্রণ জানাতে পারবে।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২/৭/১৫

(মোঃ সারওয়ার মুর্শেদ চৌধুরী)
উপ-সচিব
ফোন ঃ ৯৫৫৮৮৫৩
ই-মেইল ঃ sasexten1@moa.gov.bd

নং-১২.০৫২.০৩২.০০.০০.০০২.২০১০- **৯৩৪** তারিখ ঃ ০২ জুলাই ২০১৫।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৭. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।
৮. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
৯. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট অঞ্চল, সিলেট।
১০. জেলা প্রশাসক, সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ।
১১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।
১২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
১৩. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ।
১৪. উপ-পরিচালক, সরকারী ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা **(পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)**।
১৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ------------------------------------ (সিলেট বিভাগের সকল উপজেলা)।
১৬. উপজেলা নির্বাহী অফিসার, ---------------------------------------(সিলেট বিভাগের সকল উপজেলা)।
১৭. উপজেলা কৃষি অফিসার--- (সিলেট বিভাগের সকল উপজেলা)।
১৮. প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয় **(পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)**।
১৯. অতিরিক্ত সচিব (সম্প্রসারণ উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।
২০. যুগ্ম-সচিব (সম্প্রসারণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।